

# সুনামী থেকে রক্ষাপ্রাপ্ত মানুষদের জন্য নির্দিষ্ট হেপাটাইটিস ই সংক্রান্ত তথ্য

# হেপাটাইটিস ই কী?

হেপাটাইটিস ই হল লিভারের একটি অসুখ।

#### আপনি হেপাটাইটিস ই দ্বারা কী ভাবে সংক্রামিত হবেন?

এই ভাইরাস দ্বারা সংক্রামিত জল বা খাদ্য গ্রহণের মাধ্যমে এই ভাইরাস ছড়িয়ে যায়। এই কারণে, যেখানে ময়লা জল-নিষ্কাশন ও আবর্জনা দূরীকরণের ব্যবস্থা খারাপ সেই সব অঞ্চলে এই ভাইরাস অনেক সহজে ছড়ায়।

#### হেপাটাইটিস ই-র লক্ষণ কী কী?

ভাইরাস দ্বারা সংক্রামিত হলে প্রত্যেকের লক্ষণ প্রকাশ নাও পেতে পারে। শিশুদের তুলনায় বয়স্কদের লক্ষণ প্রকাশের সম্ভাবনা বেশি। যদি লক্ষণ দেখা যায়, তা সচরাচর আকস্মিক হয় এবং এর মধ্যে অর্ন্তভূক থাকতে পারে জ্বর, ক্লান্তিভাব, খিদের অভাব, বিমভাব, পেটে অস্বস্তি, কালো মত প্রস্রাব, এবং জন্ডিস (তুক ও চোখের হলদে হওয়া)। হেপাটাইটিস ই গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে অনেক বেশি তীব্র হয়, বিশেষ করে গভার্বস্থার শেষ তিন মাসে। হেপাটাইটিস ই-র সংক্রমণ ও লক্ষণ প্রকাশের গড় অন্তর্বতী কাল হল ৪০ দিন (সীমা: ১৫-৬০ দিন)।

### আপনার হেপাটাইটিস ই আছে কিনা কী ভাবে বুঝবেনং

হেপাটাইটিস ই সাধারণতঃ তখনই নির্ণীত হয় যখন অন্য সব প্রকারের হেপাটাইটিসের সম্ভাবনা খারিজ হয়ে যায় এবং রোগীর এমন স্থানে ভ্রমণের বা থাকার পূর্ব ইতিহাস আছে যেখানে হেপাটাইটিস ই খুবই হয়। আপনার যদি মনে হয় আপনি হেপাটাইটিস ই ভাইরাসের প্রভাবাধীন হয়ে থাকতে পারেন তাহলে একজন পেশাদার স্বাস্থ্যবিষয়ক ব্যক্তির সাথে কথা বলুন।

### আপনি হেপাটাইটিস ই কী ভাবে প্রতিরোধ করবেনং

অবশ্যই পানীয় জলের অনুমোদিত স্থান থেকে জল খাবেন এবং খাদ্য গ্রহণের পূর্বে খাবার সম্পূর্ণভাবে রান্না করে বা ভাল করে ধুয়ে নেবেন। মাঝে মাঝেই হাত ধোবেন, বিশেষ করে শৌচালয়ে যাওয়ার পরে, খাওয়ার আগে, এবং ডায়েপার পরিবর্তনের পরে।

হেপাটাইটিস ই ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ করার কোন টিকা নেই। ইমিউন গ্লোবিউলিন কোন উপকার করে না।

বিশদ তথ্যের জন্য দেখুন, <u>www.cdc.gov/hepatitis</u>, অথবা সি ডি সি-র পাবলিক রেসপঙ্গ হটলাইনে ফোন করুন

888-246-2857 (স্প্যানিশ), অথবা 866-874-2646 (TTY)

১৩ই জানুয়ারী, ২০০৫

১র ১ম পৃষ্ঠা